গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-২ শাখা
www.mopme.gov.bd

নম্বর-৩৮.০০.০০০০.০০৮.০২.০১৩.২১-১১৪

তারিখ: ২৬ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ / ১১ মার্চ ২০২৬ খ্রি.

বিষয়: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদে উন্নীত বেতন স্কেলে বেতন নির্ধারণ পদ্ধতি জারিকরণ প্রসঙ্গে।

সূত্র: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর পত্র নং-০৭.০৩.০০০০.৫০১.৪০.৪০২৩.২৪১, তারিখ: ০৫.০৩.২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রটি এতদ্‌সাথে প্রেরণ করা হলো। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদে উন্নীত বেতন স্কেলে বেতন নির্ধারণ পদ্ধতি জারিকরণ সংক্রান্ত সূত্রোক্ত পত্রে বর্ণিত বিষয়ে পর্যালোচনা পূর্বক মতামত জরুরিভিত্তিতে এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(রাজীব কুমার সরকার)
উপসচিব
ফোন: +৮৮-০২২২৩৩৫৭২৫৫
ইমেইল-
sassch2@mopme.gov.bd

মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা।

অনুলিপি:

১. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (বিদ্যালয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৩. যুগ্মসচিব (বিদ্যালয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৪. অফিস কপি।

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
হিসাব ভবন (৫ম তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

প্রাথমিক ও গণশিক্ষা সচিব-এর দপ্তর
অতিরিক্ত সচিব (বিদ্যালয়) | অতিরিক্ত সচিব (প্রশাসন) | অতিরিক্ত সচিব (উন্নয়ন) | অতিরিক্ত সচিব (বাঃও অঃ) | যুগ্মসচিব...... | সচিবের একান্ত সচিব
জরুরী | ব্যবস্থা গ্রহণ | নথিতে পেশ | পরীক্ষান্তে পেশ | নথিজাত | আলোচনা
ডাইরী নং ৬১৬
সচিব

তারিখ ঃ ০৫/০৩/২০২৬ খ্রি.

স্মারক নং- ০৭.০৩.০০০০.৫০১.৪০.৪০.২৩.২৪১

বরাবর,

সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

বিষয়ঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন সরকারি প্রাথমিক বিদালয়ের প্রধান শিক্ষক পদে উন্নীত বেতন স্কেলে বেতন নির্ধারণ পদ্ধতি জারিকরণ প্রসঙ্গে।

সূত্রঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৮.০০.০০০০.০০৮.১৫.০০৬.২০২৫-৫৩৪, তারিখঃ ১৫/১২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। থেকে ১০তম গ্রেড স্কেল
সূত্রস্থ পত্র অনুযায়ী প্রধান শিক্ষকের পদ ১১তম গ্রেড (স্কেল ১২৫০০/-৩০২৩০/-) থেকে ১০তম গ্রেড স্কেল
(১৬০০০/-৩৮৬৪০/- গেজেটেড কর্মকর্তা) এ উন্নীত করা হয়েছে। ইতোপূর্বে ০৯/০৩/২০১৪ খ্রি. তারিখের
আদেশ নং ৩৮.০০৮.০৩৫.০০.০০.০১০.২০১৩, তারিখ: ০৯/০৩/২০২১৪ খ্রি. মোতাবেক প্রশিক্ষণবিহীন এবং
প্রশিক্ষণপ্রাপ্ত প্রধান শিক্ষকগণের জন্য বেতন স্কেলের যথাক্রমে ১২তম এবং ১১তম গ্রেডে বেতন নির্ধারণের বিষয়
উল্লেখ রয়েছে। অর্থাৎ ১৪/১২/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদটি ১১ তম
ও ১২তম গ্রেডের দুটি স্কেলে বিদ্যমান ছিল। কিন্তু গত ১৫/১২/২০২৫ খ্রি. তারিখের প্রধান শিক্ষক পদের স্কেল
উন্নীতকরণ প্রজ্ঞাপনে শুধুমাত্র গ্রেড-১১ স্কেলকে ১০ম গ্রেডে উন্নীত করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপনে ১২তম গ্রেড
উন্নীতকরণের বিষয় উল্লেখ না থাকায় বর্তমানে ১২তম গ্রেডে বেতনপ্রাপ্ত প্রধান শিক্ষকগণের উন্নীত গ্রেডে বেতন
নির্ধারণে জটিলতা সৃষ্টি হবে। বর্তমানে প্রধান শিক্ষকগণের প্রাপ্ত বেতন গ্রেড/স্কেল সমূহ নিম্নে বর্ণিত হলোঃ

১. যেসকল প্রধান শিক্ষকগণ এখনো প্রশিক্ষণবিহীন রয়েছেন (উদাহরণসরূপ ২০১৭ ও ২০১৯ সালে যোগদানকৃত) সেই সকল প্রধান শিক্ষকগণ ১২তম গ্রেডে বেতন গ্রহণ করছেন। এই সকল প্রধান শিক্ষকগণের বেতন উন্নীত স্কেল অর্থাৎ ১০ম গ্রেডে নির্ধারণের জন্য ১৫/১২/২০২৫ খ্রি. তারিখের ৫৩৪ নং প্রজ্ঞাপন সংশোধন করে গ্রেড-১১ এর সাথে গ্রেড-১২ উল্লেখ করা প্রয়োজন। উদাহরণসরূপ দুইজন প্রধান শিক্ষকের বেতন নির্ধারণ কপি সংযুক্ত করা হলো।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
☐ যুগ্মসচিব বিদ্যালয় এর দপ্তর
☐ উপসচিব
☐ উপসচিব (বিদ্যালয়-১)
☐ উপসচিব (বিদ্যালয়-২)
☐ আইন কর্মকর্তা
☐ ব্যক্তিগত কর্মকর্তা
☐ ডাইরী নং-
☐ তাং-
যুগ্মসচিব (বিদ্যালয়)

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (বিদ্যাঃ) এর দপ্তর
যুগ্মসচিব (বিদ্যালয়)
উপসচিব (বিদ্যালয়-১/২)
সিনিয়র/সহকারী সচিব (আইন)
ব্যক্তিগত কর্মকর্তা
ডাইরী নম্বর : ৫৫৮
তারিখ ৫/৩/২৬ অতিরিক্ত সচিব (বিদ্যালয়)

CS CamScanner

২. যেসকল প্রধান শিক্ষকগণ ১১তম গ্রেডে বেতন গ্রহণ করছেন, সেই সকল প্রধান শিক্ষকগণের বেতন সরাসরি ১০ম গ্রেডে নির্ধারণ হবে। উদাহরণসরূপ দুইজন প্রধান শিক্ষকের বেতন নির্ধারণ কপি সংযুক্ত করা হলো।

৩. যে সকল প্রধান শিক্ষকগণ ১১তম গ্রেডের সাথে ০১টি টাইমস্কেল/উচ্চতর গ্রেড প্রাপ্ত হয়ে ১০ম গ্রেডে বেতন গ্রহণ করছেন, সেই সকল প্রধান শিক্ষকগণের ক্ষেত্রে বর্তমানে উন্নীত স্কেল অর্থাৎ ১০ম গ্রেডে বেতন নির্ধারণের পর পূর্বের প্রাপ্ত ০১টি টাইমস্কেল/উচ্চতর গ্রেড কীভাবে যোগ হয়ে বেতন নির্ধারণ হবে এই বিষয়ে নির্দেশনা প্রয়োজন। উদাহরণসরূপ দুইজন প্রধান শিক্ষকের বেতন নির্ধারণ কপি সংযুক্ত করা হলো।

৪. যে সকল প্রধান শিক্ষকগণ ১১তম গ্রেডের সাথে ০২টি টাইমস্কেল অথবা ০১টি টাইমস্কেল ও ০১টি উচ্চতর গ্রেড প্রাপ্ত হয়ে ৯ম গ্রেডে বেতন গ্রহণ করছেন, সেই সকল প্রধান শিক্ষকগণের ক্ষেত্রে বর্তমানে উন্নীত স্কেল অর্থাৎ ১০ম গ্রেডে বেতন নির্ধারণের পর পূর্বের প্রাপ্ত ০২টি টাইমস্কেল অথবা ০১টি টাইমস্কেল ও ০১টি উচ্চতর গ্রেড কীভাবে যোগ হয়ে বেতন নির্ধারণ হবে এই বিষয়ে নির্দেশনা প্রয়োজন। উদাহরণসরূপ দুইজন প্রধান শিক্ষকের বেতন নির্ধারণ কপি সংযুক্ত করা হলো।

৫. যে সকল প্রধান শিক্ষকগণ ১১তম গ্রেডের সাথে ০৩টি টাইমস্কেল প্রাপ্ত হয়ে ৮ম গ্রেডে বেতন গ্রহণ করছেন, সেই সকল প্রধান শিক্ষকগণের ক্ষেত্রে বর্তমানে উন্নীত স্কেল অর্থাৎ ১০ম গ্রেডে বেতন নির্ধারণের পর পূর্বের প্রাপ্ত ০৩টি টাইমস্কেল কীভাবে যোগ হয়ে বেতন নির্ধারণ হবে এই বিষয়ে নির্দেশনা প্রয়োজন। উদাহরণসরূপ দুইজন প্রধান শিক্ষকের বেতন নির্ধারণ কপি সংযুক্ত করা হলো।

মতামত

১৫/১২/২০২৫ খ্রি. তারিখের ৫৩৪ নং প্রজ্ঞাপন মোতাবেক প্রধান শিক্ষক পদের উন্নীত স্কেলে বেতন নির্ধারণের ক্ষেত্রে নিম্নোক্ত মতামত প্রদান করা হলোঃ

১. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১৫/১২/২০২৫ খ্রি. তারিখের ৫৩৪ নং প্রজ্ঞাপন সংশোধন করে গ্রেড-১১ এর সাথে গ্রেড-১২ উল্লেখ করা প্রয়োজন।

২. অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের গত ১২/০৮/২০২০খ্রি. তারিখের স্মারক নং-৯১ এর মাধ্যমে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের উন্নীত বেতন স্কেলে বেতন নির্ধারণের ক্ষেত্রে প্রদত্ত নির্দেশনা প্রধান শিক্ষকগণের ১০ম গ্রেড উন্নীত বেতন স্কেলে বেতন নির্ধারণের ক্ষেত্রে বিবেচনা করা যেতে পারে (কপি সংযুক্ত)। উক্ত স্মারকে অর্থ বিভাগের নির্দেশনাগুলোর অনুরূপ প্রধান শিক্ষকগণের ক্ষেত্রে বিবেচনাযোগ্য নির্দেশনা নিম্নে দেওয়া হলোঃ-

অ. বেতনস্কেল উন্নীত হওয়ার পূর্বে প্রধান শিক্ষক পদধারীদের যিনি যে সংখ্যক টাইমস্কেল/উচ্চতর গ্রেড পেয়েছেন/প্রাপ্য হয়েছেন, উন্নীত বেতন স্কেলের উপরে সেই সংখ্যক টাইমস্কেল/উচ্চতর গ্রেড গণনা করে বেতন স্কেল উন্নীত করার অব্যবহিত পূর্বে তার সর্বশেষ আহরিত/প্রাপ্ত মূল বেতনের ভিত্তিতে বেতন নির্ধারণ করা;


CamScanner

ই. বেতন স্কেল উন্নীতকরণের তারিখে টাইমস্কেল/উচ্চতর গ্রেডসহ নিরূপণকৃত স্কেলে কোন প্রধান শিক্ষকের বর্তমান মূলবেতন উক্ত স্কেলের সর্বনিম্ন ধাপের কম হলে সর্বনিম্ন ধাপে বেতন নির্ধারণ করা;

ঈ. বর্তমান মূলবেতন নিরূপণকৃত স্কেলের সর্বনিম্ন ধাপের চেয়ে বেশী হলে এবং উক্ত স্কেলের কোন ধাপের সমান হলে সেই ধাপে বেতন নির্ধারণ করা; এবং

উ. বর্তমান মূলবেতন নিরূপণকৃত স্কেলের সর্বনিম্ন ধাপের চেয়ে বেশী হলে এবং উক্ত স্কেলের কোন ধাপের সমান না হলে সে ক্ষেত্রে অব্যবহিত উচ্চতর ধাপে বেতন নির্ধারণ করা।

প্রধান শিক্ষকগনের উন্নীত স্কেল ১০ম গেডে বেতন নির্ধারনের ক্ষেত্রে বর্তমান সমস্যা ও সমস্যা সমাধানে এই কার্যালয়ে মতামত উপরে উপস্থাপন করা হলো।

এমতাবস্থায়, প্রধান শিক্ষক পদের উন্নীত বেতন স্কেল ১০ম গ্রেডে বেতন নির্ধারণ পদ্ধতি অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক জারিকরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৪/০৬/২০২৬

আ. ন. ম. শহীদুর রহমান
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়